# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১১৩৬

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যে খাবার খেয়ে ওযূ করেননি, সেটা মেষের গোসত ছিল; উটের গোসত নয়- এই মর্মে বর্ণনা

## ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ اللَّحْمَ الَّذِي أَكَلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَلَمْ يَتَوَضَّأْ مِنْهُ كَانَ لَحْمَ شَاةٍ لَا لَحْمَ إِبِلٍ

---

আরবী

1136 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمْدَانِيُّ قَالَ: حَدَّثَنَا بِشْرُ بْنُ مُعَاذٍ الْعَقَدِيُّ قَالَ: حَدَّثَنَا يَزِيدُ بْنُ زُرَيْعٍ قَالَ: حَدَّثَنَا رَوْحُ بْنُ الْقَاسِمِ عَنْ مُحَمَّدِ بْنِ الْمُنْكَدِرِ عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ قَالَ:

دَعَتْنَا امْرَأَةٌ مِنَ الْأَنْصَارِ وَذَبَحَتْ شَاةً وَصَنَعَتْ طَعَامًا ورشَّت لَنَا صَوْراً فَدَعَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِالطَّهُورِ فَتَوَضَّأَ ثُمَّ صَلَّى ثُمَّ أَتَيْنَا بِفُضُولِ الطَّعَامِ فَأَكَلَهُ وَصَلَّى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَلَمْ يَتَوَضَّأْ وَدَخَلْنَا عَلَى أَبِي بكر فدعا بطعام لم يَجِدْهُ فَقَالَ: أَيْنَ شَاتُكُمُ الَّتِي وَلَدَتْ؟ قَالَتْ: هِيَ ذِهْ فَدَعَا بِهَا فَحَلَبَهَا بِيَدِهِ ثُمَّ صَنَعُوا لِبَأً فَأَكَلَ فَصَلَّى وَلَمْ يَتَوَضَّأْ وَتَعَشَّيْتُ مَعَ عُمَرَ فَأُتِيَ بِقَصْعَتَيْنِ فَوُضِعَتْ وَاحِدَةٌ بَيْنَ يَدَيْهِ وَالْأُخْرَى بَيْنَ يَدَيِ الْقَوْمِ فَصَلَّى وَلَمْ يتوضأ.

الراوي : جَابِر | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1136 | خلاصة حكم المحدث:. صحيح.

قَالَ أَبُو حَاتِمٍ: الصَّوْر: مُجْتَمِعُ النَّخْلِ.

বাংলা

১১৩৬. জাবির রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আনসারী এক নারী আমাদের দাওয়াত দেন, তিনি একটি মেষ জবেহ করেন খাবার প্রস্তুত করেন, তিনি আমাদের জন্য জোটবদ্ধ কয়েকটি খেজুর গাছে পানি ছিটা

দেন। তারপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ওযূর পানি আনতে বলেন। অতঃপর তিনি ওযূ করেন তারপর সালাত আদায় করেন। তারপর আমরা অতিরিক্ত খাওয়ার জন্য আসি, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ও তা খান, তারপর সালাত আদায় করেন কিন্তু তিনি নতুন করে ওযূ করেননি।

রাবী বলেন, “একবার আমরা আবূ বকর রাদ্বিয়াল্লাহু আনহুর কাছে যাই, তিনি খাবার আনতে বলেন, কিন্তু কোন খাবার পেলেন না। তখন তিনি বললেন, “তোমাদের বাচ্চাদানকারী মেষটি কোথায়?” আহলিয়া জবাব দিলেন, “সেটা, এই তো এখানে।” তিনি সেটাকে আনতে বললেন, অতঃপর সেটি নিজ হাতে তার শাল দুধ দোহন করেন। তারপর তিনি তা পান করেন এবং সালাত আদায় করেন কিন্তু তিনি ওযূ করেননি।”

রাবী বলেন, “আরেকবার আমি উমার রাদ্বিয়াল্লাহু আনহুর সাথে রাতের খাবার খাই। তাঁকে দুটি খাবারের পাত্র দেওয়া হলো; একটি তাঁর সামনে রাখা হলো আরেকটি লোকজনের সামনে। তারপর তিনি সালাত আদায় করেন কিন্তু তিনি ওযূ করেননি।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “الصَّوْرُ অর্থ জোটবদ্ধ খেজুর গাছ।”

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/৩২২; আবূ দাঊদ: ১৯১; সুনান বাইহাকী: ১/১৫৬; তিরমিযী: ৮০; ইবনু মাজাহ: ৪৯০; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৪৭; আবূ দাঊদ আত তায়ালিসী: ১৬৭; তাহাবী, শারহুল মা‘আনিল আসার: ১/৬৫; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৬৪৯।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ১৮৬।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)
Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90449

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন